

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি



তারিখ : ০১/১০/২০২৩

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে **online** এর মাধ্যমে **ভর্তির** আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সূচি।

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে **online** এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় (সর্বশেষ) ৪র্থ ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (<http://www.xiclassadmission.gov.bd>) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজে আবেদন করতে হবে।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে **online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:**

- ১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি;
- ২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে ০৫/১০/২০২৩ তারিখের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি;

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে **online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময় সূচি অনুসরণ করতে হবে:**

ক্রমিক	বিষয়	তারিখ
১	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	০৮/১০/২০২৩ (রবিবার) থেকে ০৯/১০/২০২৩ (সোমবার রাত ১১:০০ টা পর্যন্ত)
২	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের যাচাই বাছাই	১০/১০/২০২৩ (মঙ্গলবার)
৩	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১১/১০/২০২৩ (রাত ৮:০০ টায়)
৪	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন	১২/১০/২০২৩ (বৃহস্বার) থেকে ১৩/১০/২০২৩ (শুক্রবার রাত ৮:০০ পর্যন্ত)
৫	কলেজে ভর্তি	১৫/১০/২০২৩ (রবিবার)

বিঃদ্রঃ উল্লেখ্য, “২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৩” অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।

প্রফেসর তপন কুমার সরকার
সভাপতি
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি